# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

চৌত্রিশতম বর্ষ (প্রথম সংখ্যা), ফেব্রুয়ারি, ২০২৩



## Ramakrishna Mission Vidyamandira Alumni Association

P.O.: Belur Math, Howrah, West Bengal-711202

# সম্পাদকীয়

"রামকৃষ্ণের বেদিতলে মোরা..."
তৎকালীন সন্ন্যাসী, শিক্ষক ও বিশিষ্ট প্রাক্তনীদের উদ্যোগে বিদ্যামন্দিরের প্রাক্তন ছাত্রদের নিয়ে একটি সুসংগঠিত স্বেচ্ছাব্রতী সংগঠন গড়ে তোলার পরিকল্পনা করা হয় আজ থেকে প্রায় ৩৫ বছর আগে। মূল উদ্দেশ্য সমাজের বিভিন্ন ক্ষেত্রে ঠাকুরের নামে প্রতিষ্ঠিত এই শিক্ষায়তন থেকে লব্ধ শিক্ষার বাস্তব প্রয়োগ। পুঙ্খানুপুঙ্খ আলোচনার পরে সংবিধান তৈরির মাধ্যমে ১৯৮৭ সালে জন্ম নেয় 'রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ'। যত সময় এগিয়েছে তত বেড়েছে তার কর্মকাণ্ডের পরিধি। তার মধ্যে কয়েকটি হচ্ছে দ্বিবার্ষিক পুনর্মিলন উৎসবের আয়োজন, Community Outreach Programme, সংসদের মুখপত্র প্রকাশ, স্মারক বক্তৃতার আয়োজন, জেলাভিত্তিক বিবেকানন্দ সম্মেলন সংগঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়া, স্বাস্থ্যপ্রকল্প পরিচালনা এবং সর্বোপরি বিদ্যামন্দির ও কিছু বাইরের দুঃস্থ ছাত্রছাত্রীদের স্কলারশিপ প্রদান। জানি এসব আপনারা সকলে অবগত আছেন। অবশ্য প্রাক্তনী সংসদ গঠনের আগে অনিয়মিতভাবে হলেও আয়োজন হত পুনর্মিলন উৎসবের এবং কিছু সেবামূলক কাজকর্ম করা হত সাধ ও সাধ্যের মধ্যে সমন্বয় বজায় রেখে। এই অবসরে দীর্ঘ ৩৫ বছর আগে একবার ফিরে তাকালে সূচনালগ্নের সেই সব প্রণম্য সন্ন্যাসী মহারাজ, শিক্ষক, শিক্ষাকর্মী ও প্রাক্তনীদের দূরদর্শিতা ও প্রাজ্ঞতার পরিচয় পাওয়া যায়। তাঁদের কেউ কেউ আজ পৃথিবীতে নেই। কিন্তু তাঁদের আরব্ধ চিন্তাধারা আজ আরও বিস্তৃত রূপ পেয়েছে। প্রথাগত শিক্ষালাভের পর সমাজের প্রয়োজনে প্রাক্তনীরা সাধ্যমত এগিয়ে এসেছেন। আর এই কাজে প্রাক্তনীদের পাশে সব সময় থেকেছেন বিদ্যামন্দির কর্তৃপক্ষ। বেলুড় মঠের ঢিল ছোঁড়া দূরত্বে থাকা বিদ্যামন্দির ও তার প্রাক্তনী সংসদ শ্রী শ্রী ঠাকুরের স্নেহস্পর্শ পেয়ে সমাজের, বিশেষত দুঃস্থ মানুষের কল্যাণে আরও সহায়তার হাত বাড়িয়ে দিয়ে অভীষ্ট পূরণের লক্ষ্যে এগিয়ে চলবে—এই আশা রাখি।

**—সুশান্ত দে, প্রধান সম্পাদক**

## প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক—সুশান্ত দে

সদস্যবৃন্দ— স্বামী মহাপ্রজ্ঞানন্দ (অধ্যক্ষ), বিশ্বনাথ দাস, নিত্যনিরঞ্জন কুণ্ডু, তপন কুমার ঘোষ, গৌতম মুখোপাধ্যায়, অভিজিৎ মাইতি, শুভেন্দু মজুমদার (কর্মসচিব)।

পৃষ্ঠা বিন্যাস ও অলঙ্করণ— প্রাক্তনীবার্তা উপসমিতির সদস্যবৃন্দ।

নিয়মিতভাবে প্রাক্তনী সংসদ ও বিদ্যামন্দিরের বিভিন্ন কার্যাবলী সম্পর্কে জানতে সংসদের ফেসবুক পেজ ফলো করুন— **Link:** **https://www.facebook.com/VidyamandiraAlumni**

**Email: alumnividyamandira@gmail.com**

**Website: www.alumnividyamandira.in**

# আনন্দ সংবাদ

(১) বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৮২-৮৪) ডঃ দিলীপ কুমার প্রতিহার ২০২০, ২০২১ ও ২০২২ সালে পর পর তিন বছর স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্বাচিত বিজ্ঞানীদের তালিকায় বিশ্বের প্রথম ২% বিজ্ঞানীদের মধ্যে নিজের জায়গা করে নিয়েছেন। Image analysis ও Artificial intelligence-এ তাঁর অবদানের জন্য তিনি এই সম্মান অর্জন করেন। সম্প্রতি তাঁর কর্মক্ষেত্র আই.আই.টি. খড়্গপুর থেকে তিনি Chair Professor-এর স্বীকৃতিও পেয়েছেন। অতি সম্প্রতি শ্রী প্রতিহার IEEE India Council-এর তরফ থেকে Technologist of the year-এর দুর্লভ পুরস্কারের জন্যও নির্বাচিত হয়েছেন। সারা ভারতে প্রতি বছর শুধুমাত্র একজনই এই সম্মান পেয়ে থাকেন। গত ২৫ নভেম্বর কোচিতে আয়োজিত অনুষ্ঠানে তিনি আন্তর্জালিক মাধ্যমে এই পুরস্কার গ্রহণ করেন। তাঁর এই কৃতিত্বে আমরা সকলে গর্বিত।

(২) বিদ্যামন্দিরের আর এক প্রাক্তনী (২০০২-০৫, পদার্থবিদ্যা) ডঃ স্বর্ণীভ চন্দ্র Association of Asia Pacific Physical Societies-এর অধীনস্থ সংস্থা Division of Plasma Physics কর্তৃক অনুর্ধ্ব-৪০ বছর বয়স বিভাগে ২০২২ সালের জন্য নির্বাচিত ৮ জন বিজ্ঞানীদের মধ্যে অন্যতম হিসাবে Young Researcher Award-এ সম্মানিত হয়েছেন। Basic Plasma Physics-এ তাঁর গবেষণার স্বীকৃতির জন্য তিনি এই সম্মান লাভ করেন। পুরস্কার হিসাবে পেয়েছেন Plaque, Certificate ও নগদ ৫০০ ডলার। স্বর্ণীভ বর্তমানে গভর্ণমেন্ট জেনারেল ডিগ্রী কলেজ, কুশমণ্ডীতে অধ্যাপক পদে কর্মরত। তাঁর এই সম্মানপ্রাপ্তিতে আমরা গর্বিত।

(৩) বিদ্যামন্দিরের প্রাক্তনী (শিক্ষাবর্ষ: ২০১০-১৩, বাংলা) শ্রী বোধিসত্ত্ব ভট্টাচার্য্য সম্প্রতি "বঙ্গবিদ্যা তরুণ গবেষক ২০২১" সম্মানে ভূষিত হয়েছেন। আন্তর্জাতিক বঙ্গবিদ্যা পরিষৎ সংস্থার ভারত শাখা এবং দিল্লী বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভারতীয় ভাষা ও সাহিত্য বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত ষষ্ঠ আন্তর্জাতিক বঙ্গবিদ্যা সম্মেলনে শ্রী ভট্টাচার্য্যের গবেষণাপত্রটি পঠিত ও সম্মানিত হয়েছে। গবেষণাপত্রের শিরোনাম—"কাজী নজরুল ইসলাম এবং বুদ্ধদেব বসু: সম্পর্কের আখ্যান"। উদ্যোক্তাদের তরফে গত ২৫ জুন, ২০২২ তারিখে কলকাতার অবনীন্দ্র সভাগৃহে একটি অনুষ্ঠানের মাধ্যমে তাঁকে সম্মাননা জ্ঞাপন করা হয়। বোধিসত্ত্ব অধুনা বিশ্বভারতীর বাংলা বিভাগের পি.এইচ.ডি. গবেষক। আমরা গর্বিত।

(৪) বিদ্যামন্দিরের রসায়ন বিভাগের প্রাক্তনী শ্রী অভিজ্ঞান ভাট (শিক্ষাবর্ষ: ২০১৬-১৯) আয়ারল্যান্ডের টেকনোলজিক্যাল ইউনিভার্সিটি অব ডাবলিনে ২০২২ সালের বেস্ট পি জি রিসার্চ পোস্টার প্রেজেন্টেশন এর জন্য পুরস্কৃত হয়েছে। অভিজ্ঞান বর্তমানে উক্ত বিশ্ববিদ্যালয়ে গবেষণারত। আমরা তাঁর উত্তরোত্তর সাফল্য কামনা করি।

(৫) বিদ্যামন্দিরের প্রাক্তনী ডঃ পার্থসারথি মুখোপাধ্যায় (শিক্ষাবর্ষ : ১৯৮২-৮৫) ২০২২ সালের নিরিখে Indian Academy of Science, Bangalore-এর Fellow নির্বাচিত হয়েছেন। বর্তমানে ডঃ মুখোপাধ্যায় Indian Institute of Tropical Meteorology, Pune-তে Scientist পদে কর্মরত।

(৬) রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির এবং বার্জার পেইন্টস ইন্ডিয়া লিমিটেডের মধ্যে ৯ জানুয়ারি ২০২৩ তারিখে কলকাতার বার্জার হাউসে একটি বৈজ্ঞানিক সমঝোতা স্মারকলিপি (মউ) স্বাক্ষরিত হয়।

সমঝোতা স্মারকলিপির মুখ্য উদ্দেশ্য ছিল, বিদ্যামন্দিরের প্রাক্তনী (২০০১-০৬) ও ফলিত রসায়ন বিভাগের প্রধান ডঃ উত্তম কুমার ঘোড়ুইয়ের নেতৃত্বে ঐ বিভাগের গবেষকদের দ্বারা ন্যানোম্যাটিরিয়াল ব্যবহার করে লুমিনিসেন্ট কোটিং (luminescent coating)-জাত পণ্য তৈরি করা। বার্জার পেইন্টস ইন্ডিয়া লিমিটেডের MD ও CEO শ্রী অভিজিৎ রায় এবং অন্যান্য উচ্চপদস্থ অফিসারসহ সভায় উপস্থিত ছিলেন বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দ এবং এই প্রকল্পের প্রধান অণ্বেষক ডঃ উত্তম কুমার ঘোড়ুই। সমঝোতা স্মারকলিপি (মউ) অনুসারে বার্জার পেইন্টস ইন্ডিয়া লিমিটেড পণ্যের বিকাশ ও রয়্যালটি সম্পর্কিত সমস্ত খরচা বহন করবে। এই ধরনের ইণ্ডাস্ট্রি-ইনস্টিটিউট সমঝোতা সামাজিক অগ্রগতির জন্য অবদানমূলক গবেষণাকে উৎসাহিত করবে।

প্রাক্তনী সংসদের পক্ষ থেকে এঁদের সকলকে আন্তরিক শুভেচ্ছা ও হার্দিক অভিনন্দন।

কলকাতা স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিনের ভূতপূর্ব কর্ণধার ও প্রাক্তনী সংসদের সূচনাকালের সদস্য (L-0019) ডাঃ অমিয় কুমার হাটি (শিক্ষাবর্ষ: ১৯৫২-৫৪) তাঁর পিতামাতা স্বর্গীয় আশীষ কুমার হাটি ও স্বর্গীয়া বিমলাবালা হাটির স্মৃতিরক্ষাকল্পে বিদ্যামন্দিরে ছাত্রবৃত্তির জন্য একটি স্থায়ী তহবিল গঠন করেছেন এবং অধ্যক্ষ পূজনীয় স্বামী মহাপ্রজ্ঞানন্দজী মহারাজের হাতে এ-বাবদ ২০ লক্ষ টাকার চেক তুলে দিয়েছেন। তাঁর এই মহান উদ্যোগের জন্য প্রাক্তনী সংসদের পক্ষ থেকে জানাই আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন।

বিদ্যামন্দিরের বিশিষ্ট প্রাক্তনী শ্রী বিবেকানন্দ রায় (শিক্ষাবর্ষ : ১৯৫১-৫২) বিদ্যামন্দিরের সার্বিক উন্নয়নের অংশস্বরূপ মূল বিল্ডিং-এ একটি লিফ্ট বসানোর জন্য আপাতত ৬,০০,০০০ টাকা অধ্যক্ষ মহারাজের হাতে তুলে দিয়েছেন গত মার্চ ২০২১-এ। সর্বমোট আনুমানিক ১৩ লক্ষ টাকার প্রয়োজন। খরচের বাকি টাকাও তিনি পরবর্তীকালে সারদাপীঠ মারফত পাঠিয়ে দিয়েছেন। বহুকাল থেকে মূল বিল্ডিং-এ একটি লিফ্টের খুবই প্রয়োজন ছিল। শ্রী রায়ের এই অবদানের জন্য প্রাক্তনী সংসদের পক্ষ থেকে তাঁকে আন্তরিক কৃতজ্ঞতা ও অভিনন্দন জানাই।



*অনুদানের পূর্বে ছাত্রদের নির্বাচন পর্ব*

বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৮২-৮৭) শ্রী অরিন্দম পাকড়াশির উদ্যোগে তাঁরই দুই আত্মীয় গুণীজন শ্রী সমীরেন্দু দত্ত ও শ্রী অরূপ দাস যথাক্রমে স্বর্গীয়া মণিমালা দত্ত স্মৃতি ও স্বর্গীয় সুনন্দ দাস স্মৃতি ছাত্রবৃত্তি বাবদ বিদ্যামন্দিরের দুজন বর্তমান মেধাবী ছাত্র যথাক্রমে শ্রী দিব্যেন্দু ঢালি (ইতিহাস সাম্মানিক) ও শ্রী রাধেশ্যাম রাউত (গণিত সাম্মানিক)-এর কলেজ ও হোস্টেল খরচের জন্য প্রয়োজনীয় যাবতীয় ব্যয়ভার বহন করার প্রতিশ্রুতি দিয়েছেন এবং আপাতত মোট ১,২১,০০০/- টাকা অধ্যক্ষ মহারাজের হাতে তুলে দিয়েছেন। তাঁদের এই মহৎ কাজ অন্যদের অনুপ্রেরণা জোগাবে। প্রাক্তনী সংসদের তরফ থেকে এঁদের সকলকে ধন্যবাদ ও অভিনন্দন।

"Education is the manifestation of the perfection already in man"

—Swami Vivekananda

# প্রয়াণ বার্তা

(১) বিদ্যামন্দিরের প্রাক্তনী ডাঃ দিলীপ মহলানবিশ (শিক্ষাবর্ষ : ১৯৫১-৫৩) ১৬ অক্টোবর ২০২২ তারিখে পরলোকগমন করেছেন। সমগ্র পৃথিবীতে ডায়েরিয়ার চিকিৎসাতে 'Oral Rehydration Therapy' -র তিনি ছিলেন পথিকৃৎ। প্রায় অর্ধশতাব্দীকাল কলেরা ও ডায়েরিয়া রোগের চিকিৎসায় ORS-এর ব্যবহার বিষয়ে তিনি গবেষণা করেছেন। ডাঃ মহলানবিশ WHO, NICED, Institute of Child Health ইত্যাদি খ্যাতনামা সংস্থায় কাজ করেছেন। তিনি প্রথম ভারতীয় যিনি Queen Elizabeth Hospital for Children-এর রেজিস্ট্রার পদে নির্বাচিত হন।

(২) বিদ্যামন্দিরের প্রাক্তনী ডঃ ধ্রুব মার্জিত ১৮ জানুয়ারি ২০২৩ তারিখে পরলোকগমন করেছেন। তিনি সম্পর্কে সারদাপীঠের পূর্বতন সম্পাদক স্বামী রমানন্দ মহারাজের ভ্রাতা ছিলেন।

আমরা এঁদের আত্মার শান্তি কামনা করি এবং শোকাহত পরিবার পরিজনদের জানাই আন্তরিক সমবেদনা।

# News from Vidyamandira

## (June 2022 to December 2022)

**1) Seminars & Lectures:**

**a) Memorial Lecture:** The following Memorial/Endowment Lectures were organized during the said period:

| Date | Memorial/ Endowment Lecture | Topic | Speaker |
|---|---|---|---|
| 04-06-2022 | Ambika Sarkar & Jadunath Majumder Memorial Lecture | বর্তমান দেশ, কাল, সমাজ | Sri Jayanta Ghoshal |
| 19-08-2022 | Swami Vimuktananda Memorial Foundation Day Lecture | | Swami Atmashraddhananda, Secretary, RKM Ashrama, Kanpur, Uttar Pradesh |

**b) Special Lectures and Weekly Seminars:** Weekly & Departmental seminars, Extension & Special Lectures organized during the period are enlisted below:

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 04-06-2022 | How to Lead a Peaceful lLife | Swami Tattwasarananda, Training Centre, Belur Math |
| 06-06-2022 | Priority Banking Relationship | Sri Jagjit Singh Bedi, NIIT Limited Manager in Axis bank |

| | | |
|---|---|---|
| 21-06-2022 | Relevance of Yoga in Present Scenario | Prof. Arumay Jana, RKM Sikshanamandira |
| 08-08-2022 | A New Look at Kant's Views on Mystical Experiences | Swami Medhananda, Senior Research Fellow, Vedanta Society of Southern California in Hollywood |
| 06-08-2022 | Research & Development Career Abroad Post B.Sc. / M.Sc. | Dr. Rajsekhar Paul, Senior Principal Scientist, Novartis Pharmaceuticals Ltd., Basel, Switzerland |
| 09-08-2022 | The Hydrogen Bond, Interaction Without Borders | Prof. Gautam R. Desiraju, Retd. Prof., Solid State & Structural Unit, IISc., Bangalore |
| 11-08-2022 | Azadi Ka Amrit Mahotsav Celebration: Prize Distribution Ceremony | |
| 13-08-2022 | শতবর্ষে অসহযোগ আন্দোলন : ফিরে দেখা | Dr. Bhaskar Chakraborty, Retd. Prof., History Dept., Calcutta University |
| 22-08-2022 | Impact Evaluation in Development Economics | Dr. Soumyadip Roy, Associate Prof. Jindal School of Banking & Finance |
| 26-08-2022 | Nurturing Budding Poets | |
| 27-08-2022 | Preparation for National Education Policy | Swami Shastrajnananda, Secretary, Ramakrishna Mission Saradapitha |
| 04-09-2022 | School Dropout Children | |
| 07-09-2022 | Chartered Accountancy : a career option | Sri Ravi Kumar Patwa, CA, Chairman, EIRC |
| 10-09-2022 | Elucidation and Clarification on 'Certificate Program in Wealth Management' & Preferred Relationship Wealth Manager | Sri Jagjit Singh Bedi, NIIT Limited |
| 10-09-2022 | Interaction with IAS Officers | |
| 20-09-2022 | Preparation for National Education Policy | Dr. K. Rama, Former Advisor, NAAC |

| | | |
|---|---|---|
| 17-11-2022 | Nurturing Budding Poets | |
| 19-11-2022 | Electrocatalytic Hydrolysis of Ester at Physiological pH | Prof. Pradip Kr. Tarafdar, Dept. of Chemical Science, IISER, Kolkata |
| 26-11-2022 | India: the Mother of Democracy (Observance of Constitution Day) | Dr. Saptarshi Pal, Dept. of Pol. Sc., RKMV<br>Captain. (Dr.) Arup Kr. Dhabal, NCC Officer |
| 29-11-2022 | Redox Process under Thermal and Photochemical Conditions | Dr. Debasis Adhikari, Dept. of Chemical Science, IISER, Mohali |
| 30-11-2022 | How to Focus Mind | Swami Sarvapriyananda, Minister-in-Charge, Vedanta Society, New York |
| 5, 6, 7 & 8 Dec. 2022 | Husserl's Phenomenology | Dr. Paritosh Kumar Das, Former Principal, Govt. T.T. College, Jessore |

**2) Retirement:** A Non-Teaching member of Vidyamandira Parivar has retired during this period: **Sri Subrata Bhattacharya** (Library Dept).

**3) Activities of NSS & NCC wings of Vidyamandira:**

The NSS wing organised the following:

(a) ‘College Campus Cleaning’ on 21st August 2022. (b) An awareness program on ‘School Drop-out Children’ on 4th September 2022 at Sri Ramakrishna Vivekananda Seva Sangha, Sahapur, Purba Burdwan.(c) A ‘Blood Donation Camp’ on 11th September 2022. (d) An awareness program on ‘Health is Wealth’ on 29th November 2022 at Prantik Baul Ashram, Shantiniketan, Birbhum.

4) **Cultural Events:**

(a) Observance of 76th Independence Day: 76thIndependence Day was observed as “Azadi Ka Amrit Mahotsav” at college campus.

(b) Vidyarthi Vrata Homa & Bhratrivarana Ceremony were held on 15th September 2022 at college campus.

**5) Teachers' Achievements:**

***Prof. Uttam Kumar Ghorai*** has been awarded-

i) The SERB International Research Experience Fellowship 2022 by Science and Engineering Research Board, Govt. of India.

ii) He has been awarded the SERB Core Research Grant 2022- 25 (Funding Approx. 50 Lakhs) by Science and Engineering Research Board, Govt. of India.

iii) He has also been selected for the BRICS Young Innovator Prize 2022 by BRICS Young Scientist Forum for breakthrough innovation of the Green Ammonia Synthesis Process.

***Prof. Sayed Sahed Riaz*** has been awarded the Teachers' Associateship for Research Excellence (TARE) by Science and Engineering Research Board, Govt. of India.

**6) Students' Achievements:**

*(i)* *Sri Arijit Samaddar & Sri Saptarshi Halder*, UG-II, Mathematics (Hons.) secured 2nd position at Inter-College Quiz Competition organised by Ramakrishna Mission Residential College, Narendrapur.

*(ii)* *Sri Kunal Choudhury*, UG-II, Chemistry (Hons.) was invited to ACS (American Chemical Society) Fall 2022 for the poster presentation of his research paper titled, "A Divergence towards renewability of energy through production-sustainability to end energy crisis" at Chicago on Monday, 22nd August 2022.

*(iii)* *Sri Arpan Saha*, UG-II, Zoology (Hons.) secured 2nd position at Poster Presentation competition on International Tiger Day organised by WWF-India, West Bengal State Office.

*(iv)* *Sri Soumya Chatterjee*, UG-I, Computer Science (Hons.) has achieved '5% Topper badge' with 'Elite Grade' from NPTEL Online Certification Course.

**7) Some other Information:**

a) Ramakrishna Mission Vidyamandira Parivar is extremely happy to report some recent achievements. According to National Institutional Ranking Framework (NIRF), Ministry of Education, Government of India, the college holds 9th position nationally in the college category. The results were declared on 15th July 2022.

b) Ramakrishna Mission Vidyamandira has achieved an extension of 'Autonomous status' for ten years (Valid up to 2031-32) from University Grants Commission (UGC)

c) Ramakrishna Mission Vidyamandira is now enlisted as one of the Nodal Centres for conducting online course of IIRS/ISRO Outreach Program.




*১৭ ডিসেম্বর ২০২২, বিদ্যামন্দিরের দশম সমাবর্তন অনুষ্ঠান*



*সরস্বতী পুজো, ২০২৩*

## তোমায় করি গো নমস্কার...

**(স্বামী শিবময়ানন্দ স্মারক গ্রন্থ প্রকাশ, দ্বিতীয় স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা ও স্বামী শিবময়ানন্দ স্মারক পুরস্কার প্রদান অনুষ্ঠান)**

বিদ্যামন্দিরের পূর্বতন অধ্যক্ষ তথা রামকৃষ্ণ মঠ ও মিশনের প্রয়াত সহ সঙ্ঘাধ্যক্ষ স্বামী শিবময়ানন্দজী মহারাজের স্মরণে প্রাক্তনী সংসদের উদ্যোগে গত ১০ সেপ্টেম্বর এক মহতী সভা আয়োজিত হয়েছিল রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের বিবেকানন্দ সভাগৃহে।

এই সভার পটভূমি হিসেবে প্রারম্ভিক কিছু তথ্য তুলে ধরা দরকার। আমরা জানি যে ২০২১-এর ১১ জুন তারিখে স্বামী শিবময়ানন্দজী মহারাজের মহাপ্রয়াণ হয়। এরপর জুলাই মাসে এক আন্তর্জালিক সভায় মিলিত হয়ে প্রাক্তনী সংসদের সদস্যরা মহারাজের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। সেই সভায় যথাযোগ্য মর্যাদায় তাঁর স্মৃতি সংরক্ষণের পরিকল্পনা গ্রহণ করা হয়। এই বাবদ একটি তহবিল গঠনেরও সিদ্ধান্ত নেওয়া হয়। পরিকল্পনার কয়েকটি প্রধান অংশ ছিল (১) মহারাজের স্মরণে একটি বিদ্যামন্দিরকেন্দ্রিক স্মৃতি সংকলন প্রকাশ; (২) নিয়মিতভাবে বাৎসরিক ভিত্তিতে একটি স্মারক বক্তৃতার আয়োজন; (৩) স্বামী শিবময়ানন্দ স্মারক পুরস্কার প্রদান; (৪) পূজ্যপাদ মহারাজের নামে একটি সামাজিক কল্যাণ প্রকল্পে অংশগ্রহণ ইত্যাদি।

গৃহীত এই সমস্ত প্রতিশ্রুতির অনেকগুলি পূরণের সাক্ষী হয়ে রইল আজকের সান্ধ্য অনুষ্ঠান। এদিন পরিপূর্ণ সভাগৃহে প্রয়াত মহারাজের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন অনুষ্ঠানের সভাপতি রামকৃষ্ণ মঠ ও মিশনের পূজ্যপাদ সাধারণ সম্পাদক স্বামী সুবীরানন্দজী মহারাজসহ অন্যান্য বিশিষ্টজনরা। সাধুব্রহ্মচারী মহারাজদের বৈদিক মন্ত্রোচ্চারণের মধ্য দিয়ে সভার শুভ সূচনা হয়।

সংসদের সম্পাদক শুভেন্দু মজুমদার তাঁর স্বাগত ভাষণের শুরুতে প্রয়াত স্বামী শিবময়ান্দজীর উদ্দেশে শ্রদ্ধা নিবেদন করেন এবং তাঁর পুণ্যস্মৃতি রক্ষায় প্রাক্তনী সংসদের উদ্যোগ বিষয়ে সকলকে অবহিত করেন।

এরপর "বিদ্যাতীর্থের স্মৃতি দীপ্তিতে স্বামী শিবময়ান্দজী" শীর্ষক স্মৃতিসংকলন-এর প্রধান সম্পাদক প্রাক্তনী সংসদের সভাপতি তপন কুমার ঘোষ তাঁর ভাষণে প্রয়াত মহারাজের সংক্ষিপ্ত স্মৃতিতর্পণের পর স্মারকগ্রন্থ প্রকাশের উদ্দেশ্য, পদ্ধতি এবং অভিজ্ঞতার কথা তুলে ধরেন। এই সংকলন প্রকাশের কাজে যাঁরা সহায়তা করেছেন তিনি তাঁদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

এরপর বিদ্যামন্দির তথা সারদাপীঠের সম্পাদক ও প্রাক্তনী সংসদের অন্যতম পৃষ্ঠপোষক স্বামী শাস্ত্রজ্ঞানন্দজী তাঁর সংক্ষিপ্ত আকর্ষণীয় ভাষণে পূজ্যপাদ শিবময়ান্দজী মহারাজের প্রতি শ্রদ্ধা নিবেদনান্তে সকলকে আন্তরিক স্বাগত জানান।



*মঞ্চে উপবিষ্ট পূজনীয় সাধারণ সম্পাদক মহারাজ*

অতঃপর করতালিধ্বনির আবহে স্মৃতি সংকলন গ্রন্থটি আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেন পূজ্যপাদ সাধারণ সম্পাদক মহারাজ।

অনুষ্ঠানে পরবর্তী কর্মসূচি হিসেবে দ্বিতীয় স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা পরিবেশন করেন রামকৃষ্ণ মঠ ও মিশনের সাধারণ সম্পাদক স্বামী সুবীরানন্দজী মহারাজ। প্রসঙ্গত, গত বছরের ১৫ আগস্ট কোভিড আবহে আন্তর্জালিক মাধ্যমে প্রথম বক্তৃতাটি পরিবেশন করেছিলেন অধ্যাপক জীবন মুখোপাধ্যায়। রামকৃষ্ণ মঠ ও মিশনের একশ পঁচিশ বছর পূর্তির কথা মনে রেখে মহারাজ তাঁর বক্তব্য রাখেন। পূজ্যপাদ মহারাজ জাতীয় ও আন্তর্জাতিক পরিপ্রেক্ষিতে রামকৃষ্ণ মঠ ও মিশনের ক্রমবর্ধমান স্বীকৃতি ও গুরুত্বের প্রসঙ্গটি বিশেষ ভাবে উল্লেখ করেন। বিষয়ের গভীরতা এবং সুদক্ষ বাচনভঙ্গিতে ভাষণটি খুবই উপভোগ্য হয়ে ওঠে।

প্রয়াত স্বামী শিবময়ানন্দজী তাঁর কর্মজীবনে যেসব শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে নিজেকে যুক্ত রেখেছিলেন, পর্যায়ক্রমে সেগুলির এক একজন ছাত্রকে বেছে নিয়ে প্রতি বছর সেরা বিদ্যার্থীর স্বীকৃতিসূচক 'স্বামী শিবময়ানন্দ স্মারক পুরস্কার' প্রদানের সিদ্ধান্ত নিয়েছে প্রাক্তনী সংসদ। প্রসঙ্গত, এই সেরা ছাত্র বাছাইয়ের ক্ষেত্রে শিক্ষগত যোগ্যতা ছাড়াও বিবেচনা করা হবে অন্যান্য নানা মানবিক গুণাবলী। এদিনের অনুষ্ঠানে প্রথম স্বামী শিবময়ানন্দ স্মারক পুরস্কারে সম্মানিত হলেন বিদ্যামন্দিরের একজন এবং শিক্ষণ মন্দিরের একজন ছাত্র।



*স্বামী শিবময়ানন্দ স্মারক পুরস্কার প্রদান*

বিপুল হর্ষধ্বনির মধ্যে সাধারণ সম্পাদক মহারাজ দুজনের হাতে শংসাপত্র ও উপহার সামগ্রী তুলে দেন।

সবশেষে বিদ্যামন্দিরের বর্তমান অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দজী প্রয়াত স্বামী শিবময়ান্দজীর চরণে তাঁর আন্তরিক শ্রদ্ধা নিবেদনান্তে সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। এভাবেই এক সংক্ষিপ্ত ও সুন্দর অনুষ্ঠান শেষ হল।

# প্রাক্তনী সংসদের উদ্যোগে দুঃস্থ ছাত্র-ছাত্রীদের মধ্যে পুস্তক বিতরণ

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ ও প্রাক্তনী শ্রী দেবাশীষ ঘোষের বিশেষ উদ্যোগে গত ২০ আগস্ট, ২০২২ একটি Outreach Programme আয়োজিত হয় শিবপুরের ঐতিহ্যবাহী শিবপুর দীনবন্ধু ইনস্টিটিউশন (মেন) বিদ্যালয়ে। এই অনুষ্ঠানে শিবপুর ও তৎসংলগ্ন এলাকার বিদ্যালয়গুলিতে একাদশ ও দ্বাদশ শ্রেণিতে পাঠরত আর্থিক ভাবে দুর্বল ছাত্র-ছাত্রীদের পাঠ্যপুস্তক প্রদানের উদ্যোগ নেওয়া হয়। প্রাক্তনী সংসদের কার্যনির্বাহী সমিতির যুগ্ম সম্পাদক ও উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক ড. অনুপ কুমার দাস মহাশয়ের আন্তরিক সক্রিয়তায় অনুষ্ঠানটি সুসম্পন্ন হয়। অনুষ্ঠানের মূল আকর্ষণ ছিল স্বামী মহাবিদ্যানন্দ এবং প্রাক্তনী সংসদের কার্যনির্বাহী সমিতির সদস্যদের উজ্জ্বল উপস্থিতি। এছাড়াও উপস্থিত ছিলেন এলাকার বেশ কয়েকজন প্রধান শিক্ষক ও বিশিষ্ট ব্যক্তিবর্গ। সর্বমোট ৮টি বিদ্যালয়ের ২৮ জন ছাত্র-ছাত্রীকে তাদের প্রয়োজন অনুসারে তিন থেকে চারটি করে পাঠ্যপুস্তক প্রদান করা হয়। উপস্থিত শিক্ষক-শিক্ষিকা এবং বিশিষ্ট ব্যক্তিবর্গ কর্তৃক এই মহতী উদ্যোগ প্রশংসিত হয়।



*পুস্তক বিতরণ করছেন স্বামী মহাবিদ্যানন্দ*

অনুষ্ঠানের শুরুতে এবং শেষে দীনবন্ধু ইনস্টিটিউশন (মেন)-এর শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীদের দ্বারা পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠান এবং তাদের আন্তরিকতা মনে রাখার মত।



*পুস্তক বিতরণ অনুষ্ঠানে উপস্থিত স্বামী মহাবিদ্যানন্দ ও প্রাক্তনী সংসদের কার্যকরী সমিতির সদস্যবৃন্দ*

"আপনার ভাল কেবল পরের ভালয় হয়, আপনার মুক্তি ও ভক্তি পরের মুক্তি ও ভক্তিতে হয়—তাইতে লেগে যাও, উন্মাদ হয়ে যাও। ঠাকুর যেমন তোমাদের ভালবাসতেন, আমি যেমন তোমাদের ভালবাসি, তোমরা তেমনি জগতকে ভালবাস দেখি।" —স্বামী বিবেকানন্দ

# Details of Scholarship Awarded to Present Students of Vidyamandira During 2021-22

| SL. NO. | NAME | SUBJECT OF STUDY | YEAR | AMOUNT |
|---|---|---|---|---|
| **Graduates of 1971 Scholarship (Total 2,22,000/-)** | | | | |
| 1 | BIPLAB MONDAL | BENGALI | UG-II | 2,000 |
| 2 | BISWARUP DUTTA | INDUSTRIAL CHEMISTRY | UG-III | 15,600 |
| 3 | SOUMYADEEP PAUL | INDUSTRIAL CHEMISTRY | UG-III | 29,400 |
| 4 | SOUMYA PAUL | ECONOMICS | UG-III | 2,000 |
| 5 | KALIMULLA MOLLA | CHEMISTRY | UG-III | 39,400 |
| 6 | VIVEKANANDA NANDI | ZOOLOGY | UG-III | 13,200 |
| 7 | SUTIP MONDAL | ZOOLOGY | UG-III | 18,000 |
| 8 | ARABINDA SAHA | ZOOLOGY | UG-III | 25,000 |
| 9 | LAXMIKANTA MURMU | MICROBIOLOGY | UG-III | 40,100 |
| 10 | BIKRAM SAMANTA | POLITICAL SCIENCE | UG-III | 15,200 |
| 11 | AKASH MANNA | PHILOSOPHY | UG-III | 17,700 |
| 12 | RAJ SIKDAR | POLITICAL SCIENCE | UG-III | 3,500 |
| 13 | SOMNATH MAITY | SANSKRIT | UG-III | 900 |
| **1971-74 Graduates Scholarship (Total 42,500/-)** | | | | |
| 14 | ARPAN BOSE | HISTORY | UG-III | 4,200 |
| 15 | UKIL SAREN | MICROBIOLOGY | UG-III | 30,700 |
| 16 | RIJUSH MAITI | SANSKRIT | UG-III | 7,600 |
| **1976-79 Graduates Scholarship (Total 67,500/-)** | | | | |
| 17 | SANDIP HUI | BENGALI | UG-II | 2,000 |
| 18 | HEMONTA MONDAL | PHILOSOPHY | UG-II | 1,000 |
| 19 | NARAYAN MALIK | HISTORY | UG-II | 1,400 |
| 20 | NABARUN BERA | COMPUTER SCIENCE | UG-III | 5,000 |
| 21 | GOPAL CHANDRA METYA | SANSKRIT | UG-III | 13,700 |
| 22 | BIKRAM PAHARI | PHILOSOPHY | UG-III | 13,000 |
| 23 | NILANJAN MISHRA | SANSKRIT | UG-III | 13,700 |
| 24 | SHIBSADHAK NARASUNDAR | SANSKRIT | UG-III | 17,700 |
| **1981-84 Batch Scholarship (Total 13,000/-)** | | | | |
| 25 | ABHIJIT DEY | COMPUTER SCIENCE | UG-II | 13,000 |
| **Belur RKMV 1984-86 Batch Scholarship (Total 10,500/-)** | | | | |
| 26 | ATANU DAS | PHILOSOPHY | PG-I | 10,500 |
| **1989-91 HS Batch Scholarship (Total 15,000/-)** | | | | |
| 27 | PRATAP SARDAR | APPLIED CHEMISTRY | PG-I | 10,000 |
| 28 | PRALAY SHIKDAR | SANSKRIT | PG-I | 5,000 |
| **2008 Graduates Scholarship (Total 25,000/-)** | | | | |
| 29 | SUBRATA HANSDA | INDUSTRIAL CHEMISTRY | UG-III | 25,000 |

| SL. NO. | NAME | SUBJECT OF STUDY | YEAR | AMOUNT |
|---|---|---|---|---|
| **2006-2009 Batch Scholarship (Total 4,000/-)** | | | | |
| 30 | SUBRATA HANSDA | INDUSTRIAL CHEMISTRY | UG-III | 4,000 |
| **Sw. Vimuktananda - Dhyanatmananda Memorial Sch. (Total 93,000/-)** | | | | |
| 31 | SAIKAT PAL | INDUSTRIAL CHEMISTRY | UG-II | 4,400 |
| 32 | RANAJIT DAS | SANSKRIT | PG-II | 15,800 |
| 33 | AMRIT KARMAKAR | APPLIED CHEMISTRY | PG-II | 36,500 |
| 34 | SOUMITRA PANDA | BENGALI | PG-II | 4,000 |
| 35 | CHANDAN BHANDARY | BENGALI | PG-II | 4,500 |
| 36 | SUKANTA DAS | APPLIED CHEMISTRY | PG-II | 27,800 |
| **Asha-Jyoti Memorial Scholarship (Total 5,500/-)** | | | | |
| 37 | SUJIT NANDI | PHILOSOPHY | PG-I | 5,500 |
| **Paresh Nath Dutta - Bandana Dutta Scholarship (Total 5,500/-)** | | | | |
| 38 | DEEPAN PRAMANIK | SANSKRIT | PG-I | 5,500 |
| **Souvik Paul Memorial Scholarship (Total 5,500/-)** | | | | |
| 39 | DEEPAN PRAMANIK | SANSKRIT | PG-I | 5,500 |
| **Giridhari Ghosh - Usharani Ghosh Memorial Scholarship (Total 5,500/-)** | | | | |
| 40 | DEEPAN PRAMANIK | SANSKRIT | PG-I | 5,500 |
| **Pradip Kumar Mitra Memorial Scholarship (Total 8,000/-)** | | | | |
| 41 | DEEPAN PRAMANIK | SANSKRIT | PG-I | 8,000 |
| **Tarapada & Nirmala Basu Memorial Scholarship (Total 17,000/-)** | | | | |
| 42 | RONIT SAMANTA | ZOOLOGY | UG-I | 7,200 |
| 43 | MADHUSUDAN SARKAR | COMPUTER SCIENCE | UG-III | 9,800 |
| **Shibani Ghosh - Aparna Ghosh Memorial Scholarship (Total 5,500/-)** | | | | |
| 44 | SUBHADEEP PAL | ECONOMICS | UG-III | 100 |
| 45 | RUDRAKSHA DAS | ENGLISH | UG-III | 4,500 |
| 46 | SUBHAJIT BISWAS | HISTORY | UG-III | 900 |
| **Anil Kr Sinha Roy & Namita Sinha Roy Memorial Sch. (Total 5,500/-)** | | | | |
| 47 | SUBHADEEP PAL | ECONOMICS | UG-III | 500 |
| 48 | MD HABIBULLA NAYEK | CHEMISTRY | UG-III | 5,000 |
| **Nirmalendu Sasmal Memorial Scholarship (Total 79,500/-)** | | | | |
| 49 | SUBHADEEP PAL | ECONOMICS | UG-III | 300 |
| 50 | TAMAL KHANRA | PHILOSOPHY | UG-III | 5,600 |
| 51 | BHUDAR MAHALI | POLITICAL SCIENCE | UG-III | 13,700 |
| 52 | SATRUGHNA SING | INDUSTRIAL CHEMISTRY | UG-III | 29,700 |
| 53 | SUKLU RAM NURETI | SANSKRIT | UG-III | 13,700 |

**Total amount of Scholarship Awarded: 6,30,000/-**

"টাকায় কিছুই হয় না, নামেও হয় না, যশেও হয় না, বিদ্যায়ও কিছু হয় না, ভালবাসায় সব হয়—চরিত্রই বাধা-বিঘ্নের বজ্রদৃঢ় প্রাচীরের মধ্যে দিয়ে পথ করে নিতে পারে।"

—স্বামী বিবেকানন্দ

# বার্ষিক সাধারণ সভা, ২০২২ : একটি সংক্ষিপ্ত প্রতিবেদন

বিদ্যামন্দিরের প্রাক্তনী সংসদের ৩৫ তম বার্ষিক সাধারণ সভা গত ১৫ আগস্ট, ২০২২ দুপুর ২-৩০ মিনিটে বিদ্যামন্দিরের বিবেকানন্দ হল্-এ অনুষ্ঠিত হয়। বিদ্যামন্দিরের পরম্পরা মেনে অধ্যক্ষ মহারাজ স্বামী মহাপ্রজ্ঞানন্দ ও উপাধ্যক্ষ মহারাজ ব্রঃ তত্ত্বচৈতন্য যুগ্মভাবে বৈদিক মন্ত্রোচ্চারণ করেন। এরপর শ্রী তপন কুমার ঘোষ মহাশয়ের সভাপতিত্বে সভা শুরু হয়। শুরুতে বিদ্যামন্দির পরিবারে সদস্য যাঁরা বিগত বার্ষিক সাধারণ সভার পর আমাদের ছেড়ে চলে গেছেন তাঁদের বিদেহী আত্মার শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন করা হয়।

উপস্থিত প্রাক্তনীদের উদ্দেশে স্বাগত ভাষণ দেন উপাধ্যক্ষ মহারাজ। তিনি প্রাক্তনী সংসদের বহুবিধ কাজের কথা উল্লেখ করেন।

অতঃপর বিদ্যামন্দিরের অধ্যক্ষ মহারাজ বিগত এক বৎসরে বিদ্যামন্দিরের উল্লেখযোগ্য কার্যাবলীর বিবরণ দেন। ২০২২-এর তথ্য অনুযায়ী বিদ্যামন্দির NIRF (National Institutional Ranking Framework)-এ নবম স্থান দখল করেছে। কেন্দ্রীয় সরকারের অধীনে থাকা সংস্থা DBT থেকে প্রায় ১ কোটি টাকা অনুদান পাওয়া যাবে। বিদ্যামন্দির NAAC–এ A++ (CGPA 3.58) অর্জন করতে সমর্থ হয়েছে। ২০৩২ সাল পর্যন্ত স্বশাসন বা Autonomy-র অনুমোদন পাওয়া গেছে। NAAC আগামী সাত বৎসরের জন্য দেওয়া হয়েছে। বর্তমানে বিদ্যামন্দিরে ১৪টি বিষয়ে স্নাতক সাম্মানিক ও ৭টি বিষয়ে স্নাতকোত্তর পঠন-পাঠন চলছে। বিদ্যামন্দিরের বর্তমান স্নাতক ও স্নাতকোত্তর ছাত্র সংখ্যা যথাক্রমে ৫২৬ জন ও  ১৫৯ জন। M.Phil.-এ ২৬ জন এবং Ph.D.-তে ৭৬ জন গবেষক ছাত্র রয়েছে। বর্তমানে গ্রন্থাগারে পুস্তকের সংখ্যা প্রায় ৭৪,০০০ এবং E-book-এর সংখ্যা প্রায় এক লক্ষেরও বেশি। বিদ্যামন্দিরের MOU (Memorandum of Understanding)-এর সংখ্যা প্রায় ২২। Tourism & Travel বিভাগ থেকে দুটি গ্রন্থ প্রকাশিত হয়েছে। মূল ভবনের লিফ্টের জন্য ১৯৪৮-৫১ ব্যাচের প্রাক্তনী শ্রী বিবেকানন্দ রায় ১২ লক্ষ টাকা অনুদান দিয়েছেন। প্রখ্যাত বিজ্ঞানী ড. অমিয় কুমার হাটি দুঃস্থ ছাত্রদের জন্য ২০ লক্ষ টাকা অনুদান হিসাবে বিদ্যামন্দিরকে দিয়েছেন। ছাত্রবৃত্তি ও স্বাস্থ্যপ্রকল্পে প্রাক্তনী সংসদের কাছ থেকে বিদ্যামন্দির অনেক সাহায্য পেয়েছে।

এরপর সভায় প্রাক্তনী সংসদের কাজকর্মের বার্ষিক প্রতিবেদন (২০২১-২২) এবং বার্ষিক আয়-ব্যয়ের (২০২১-২২) প্রতিবেদন পেশ করা হয়। সংক্ষিপ্ত আলোচনার পর এই প্রতিবেদন দুটি সভায় গৃহীত ও অনুমোদিত হয়। আগামী ২০২২-২৩ অর্থবর্ষের জন্য কলকাতার M/s T. K. Das & Associates-কে অডিটর নিয়োগ করা হয়।

প্রাক্তনী শ্রী আশীষ রায় বিদ্যামন্দিরের প্রাক্তনীদের blood group সহ একটি identity card তৈরির প্রস্তাব দেন। প্রতিবারের মত প্রাক্তনী শ্রী তুলসীদাস বন্দ্যোপাধ্যায় 'আচার্য ঋণ স্বীকার প্রকল্পে' ৪২,০০০ টাকা অধ্যক্ষ মহারাজের হাতে তুলে দেন।



*বার্ষিক সাধারণ সভা, ২০২২*

প্রাক্তনী সংসদের সভাপতি শ্রী তপন কুমার ঘোষ বলেন বীরভূমের আয়রনমুক্ত পানীয় জলের প্রকল্প ও সুন্দরবন এলাকায় ম্যানগ্রোভ

গাছ লাগানোর প্রকল্প প্রাক্তনী সংসদের সেরা কাজ হতে চলেছে। এরপর আনুষ্ঠানিক ধন্যবাদ জ্ঞাপন করেন প্রাক্তনী সংসদের সহ-সভাপতি শ্রী মনোজ কুমার ভট্টাচার্য্য মহাশয়।

সবশেষে সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত গাওয়া হয়। এরপর সভাপতি মহাশয় বার্ষিক সভার সমাপ্তি ঘোষণা করেন।

# প্রাক্তনী সংসদ সমাচার

বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ দীর্ঘদিন ধরে তার বিভিন্ন প্রকল্প নিয়ে নিয়ম অনুযায়ী কাজ করে চলেছে। এই কর্মযজ্ঞের একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হল।

**স্বাস্থ্য প্রকল্প :** বিগত কয়েক মাস যাবৎ লক্ষ্য করা যাচ্ছে যে বিদ্যামন্দির পরিবারের অন্তর্গত ছাত্র ও শিক্ষাকর্মী বা ছাত্রাবাসকর্মীদের স্বাস্থ্য প্রকল্প তহবিল থেকে সাহায্যের প্রয়োজন রয়েছে। সম্প্রতি ডেঙ্গির প্রকোপ বৃদ্ধির কারণে বিদ্যামন্দিরের বেশ কয়েকজন ছাত্রকে সেবা প্রতিষ্ঠানে ভর্তি করতে হয় এবং তাদের মধ্যে ৭ জনের চিকিৎসা বাবদ বিদ্যামন্দিরকে ৩৬,৫০০ টাকা সাহায্য প্রদান করা হয়েছে। এছাড়া ২০০২-০৫ বর্ষের ছাত্র রমেশ বিশ্বাসের কন্যার লিউকোমিয়ার চিকিৎসার জন্য ৭৬,০০২ টাকা প্রদান করা হয়েছে। এই অর্থ সম্পূর্ণভাবে ২০০২-০৫ শিক্ষাবর্ষের প্রাক্তনীদের দ্বারা সংগৃহীত।

**ছাত্রবৃত্তি প্রকল্প :** বিগত শিক্ষাবর্ষে বিদ্যামন্দির বর্তমান ছাত্রদের বিভিন্ন তহবিল থেকে মোট ৬,৩০,০০০ টাকা ছাত্রবৃত্তি বাবদ দেওয়া হয়েছে। বিগত জুলাই থেকে ডিসেম্বর ২০২২ পর্যন্ত বিদ্যামন্দিরের সদ্য প্রাক্তনীদের উচ্চশিক্ষার জন্য ৫৭,৬০০ টাকা ব্যয় করা হয়েছে। এছাড়া বিদ্যামন্দিরের বাইরে অন্যান্য প্রতিষ্ঠানের ১৭ জন ছাত্রকে ৫৫,০০০ টাকা অনুদান দেওয়া হয়েছে। বিদ্যামন্দিরের বর্তমান ছাত্রদের দেয় বৃত্তির তথ্য সংসদের ওয়েবসাইটে দেওয়া হবে। ছাত্রবৃত্তি প্রকল্পে সাহায্যের জন্য প্রয়োজন বেড়েই চলেছে। বিদ্যামন্দিরের বাইরের ছাত্রদের কাছ থেকেও আমরা নিয়মিত আবেদন পেয়ে থাকি। ছাত্রবৃত্তি প্রকল্পে বিভিন্ন শিক্ষাবর্ষের প্রাক্তনীগণ নিত্য অর্থ সাহায্য করে আসছেন। এঁদের সকলকে সংসদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

**স্বামী তেজসানন্দ ক্যুইজ প্রতিযোগিতা :** বিগত ১০ ডিসেম্বর ২০২২ তারিখে এই ক্যুইজ প্রতিযোগিতা বিবেকানন্দ সভাগৃহে অনুষ্ঠিত হয়। বিগত দুবছর কোভিডের কারণে আন্তর্জালিক মাধ্যমে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছিল। কিন্তু এইবার অনেক কলেজ নাম নথিভুক্ত করার পরও সবশেষে ২৭টি টিম অংশগ্রহণ করে। সর্বোচ্চ পর্যায়ে ৭টি টিম ওঠে এবং সমস্ত রাউণ্ডের শেষে রামকৃষ্ণ মিশন শিল্পপীঠের ছাত্রবৃন্দ বিজয়ী হয় এবং বিজয়ী প্রতিযোগীগণকে প্রাক্তনী শ্রী গোপীনাথ দত্ত প্রদত্ত "দেবেন্দ্রনাথ–শিবরাণী দত্ত স্মৃতি" পুরস্কার প্রদান করা হয়।



*ক্যুইজ প্রতিযোগিতা, ২০২২*

রানার্স দল হিসাবে এলিট কলেজ অফ ইঞ্জিনিয়ারিং-এর ছাত্রদের প্রাক্তনী শ্রী জয়জিৎ বক্সী প্রদত্ত "বিক্রমজিৎ-নীলিমা বক্সী স্মৃতি" পুরস্কার প্রদান করা হয়। এছাড়া সর্বোচ্চ পর্যায়ের অন্যান্য প্রতিযোগীদের হাতে *আমার ভারত, অমর ভারত* বইটি এবং অংশগ্রহণকারী

সকল ছাত্রছাত্রীর হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়।

**রাণী রাসমণি স্মারক বক্তৃতা :** গত ১৫ আগস্ট, ২০২২ তারিখে বিবেকানন্দ সভাগৃহে এই বক্তৃতার আয়োজন করা হয়। এই বৎসরের বক্তৃতার বিষয় ছিল 'শ্রীশ্রী মা ও রামকৃষ্ণ সঙ্ঘের নির্মাণকার্য'। এই বক্তৃতাসভায় বক্তা হিসাবে ডঃ পূর্বা সেনগুপ্তের উপস্থিত হওয়ার কথা থাকলেও আকস্মিক অসুস্থতার কারণে তিনি উপস্থিত থাকতে না পারায় তাঁর লিখিত বক্তব্য পাঠ করেন সংসদের কার্যনির্বাহী সমিতির অন্যতম সদস্য শ্রী অভিজিৎ মাইতি। এছাড়াও রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠার ১২৫ বৎসর উপলক্ষ্যে রামকৃষ্ণ মিশন সারদাপীঠের সম্পাদক স্বামী শাস্ত্রজ্ঞানন্দ এবং প্রাক্তনী সংসদের সভাপতি শ্রী তপন কুমার ঘোষ মহাশয় বক্তব্য রাখেন। অনুষ্ঠানটি খুবই মনোজ্ঞ ও তথ্যসমৃদ্ধ ছিল, যা সকলকে মুগ্ধ করে।



*বক্তার লিখিত বক্তব্য পাঠরত শ্রী অভিজিৎ মাইতি*

**বার্ষিক সাধারণ সভা :** প্রায় দুই বৎসর কাল অতিমারীর পর গত ১৫ আগস্ট, ২০২২ তারিখে দুপুর ২-৩০ মিনিটে বিবেকানন্দ হলে চিরাচরিত প্রথায় ৩৫তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। এই সভায় প্রায় ৬০ জন প্রাক্তনী উপস্থিত ছিলেন। এই সভার বিবরণ এই প্রাক্তনীবার্তায় পৃথকভাবে দেওয়া হয়েছে।

**স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা :** গত ১০ সেপ্টেম্বর সন্ধ্যা ৬-৩০ মিনিটে বিবেকানন্দ সভাগৃহে দ্বিতীয় 'স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা' আয়োজিত হয়। এবারে স্মারক বক্তৃতা প্রদান করেন রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের পূজনীয় সাধারণ সম্পাদক স্বামী সুবীরানন্দজী মহারাজ। বক্তৃতার বিষয় ছিল "রামকৃষ্ণ মিশনের ১২৫ বছর"। বিশেষ উল্লেখ্য, এই সভায় সাধারণ সম্পাদক মহারাজ প্রাক্তনী সংসদ দ্বারা প্রকাশিত "বিদ্যাতীর্থের স্মৃতিদীপ্তিতে স্বামী শিবময়ানন্দজী" শীর্ষক গ্রন্থটির আনুষ্ঠানিক প্রকাশ করেন। এটি বর্তমানে সারদাপীঠের পুস্তক বিক্রয়কেন্দ্রে পাওয়া যাচ্ছে এবং তা পাঠক মহলে প্রশংসিত হয়েছে। সমগ্র অনুষ্ঠানটি সম্পর্কে পৃথক প্রতিবেদন প্রাক্তনীবার্তায় পৃথকভাবে প্রকাশ করা হয়েছে।

**স্বামী তেজসানন্দ স্মারক ক্রিকেট প্রতিযোগিতা :** ১৯৭১-গ্র্যাজুয়েট ব্যাচের প্রাক্তনীদের অর্থানুকূল্যে স্বামী তেজসানন্দ স্মারক ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ২৭ নভেম্বর ২০২২। এই ২০ ওভারের ক্রিকেট প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন আউটগোয়িং দলের বিরুদ্ধে বিদ্যামন্দিরের বাকি ছাত্রদের তৈরি করা দল। এই প্রতিযোগিয়ায় আউটগোয়িং দল বিজয়ী হয়। দুই দলের হাতেই কাপ তুলে দেওয়া হয় এবং তৎসহ সকল খেলোয়াড়ের হাতেই স্মারক পুরস্কার তুলে দেওয়া হয়।



*ক্রিকেট প্রতিযোগিতার শেষে পুরস্কার প্রদান*

প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা, অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

**—শুভেন্দু মজুমদার, কর্মসচিব, প্রাক্তনী সংসদ**

**Published by Shuvendu Majumder, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association**